কালের কণ্ঠ

তারিখ 29 OCT 2016
পৃষ্ঠা 6 কলাম 6

ভর্তি পরীক্ষা প্রসঙ্গ

# শিক্ষামন্ত্রীকে বক্তব্য স্পষ্ট করতে বললেন ঢাবি উপাচার্য

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▷**

নীলক্ষেত থেকে বই কিনে ভর্তি পরীক্ষার প্রশ্ন করা হয়—শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের এমন বক্তব্যকে স্পষ্ট করতে বললেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক। গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেছেন।

উপাচার্য বলেন, 'শিক্ষামন্ত্রীর বক্তব্যের সত্যতা নেই। কার কাছে বা কোন শিক্ষকের কাছে এমন অসত্য তথ্য শুনেছেন মন্ত্রী তা স্পষ্ট করেননি।